# পশ্চিম বঙ্গ সরকার

সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ

কৃষ্ণনগর -২ সমষ্টিউন্নয়ন

ধুবুলিয়া, নদীয়া

## আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

পত্রাঙ্কঃ ২২৪০/ KGR-II

তারিখঃ- ০৮/০৯/২০২২

Mission Director, NHM & Jt. Secretary, H&FW Department, Government of West Bengal এর ১৪-০৬-২০২২ তারিখের পত্র নম্বর HFW-27011/২১৬/২০১৮-NHM SEC – Dept. of H&FW Pt-(I)/১৯৬২ এর আদেশনামা অনুযায়ী নদীয়া জেলার অন্তর্গত কৃষ্ণনগর -২ ব্লকের ০৪ ( চারটি ). গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন গ্রামের বিভিন্ন পরিষেবা এলাকার. ০৭ ( সাত) জন "আশা কর্মী" নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গ্রামের সেই পরিষেবা এলাকায় বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে নির্দিষ্ট বয়ানের (সরণী – ১ দ্রষ্টব্য ) দরখাস্ত আহ্বান করা হচ্ছে ।

| শূন্য পদের বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|
| ব্লক | গ্রাম পঞ্চায়েত | উপস্বাস্থ্য কেন্দ্র | শূন্য পদ | যে গ্রামের (পরিষেবা এলাকা) (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে | সংরক্ষণের বিবরণ |
| কৃষ্ণনগর -২ | সাধনপাড়া -১ | ঘাটেশ্বর | ০১ | চুপিপোতা | সাধারণ |
| কৃষ্ণনগর -২ | নওপাড়া -১ | হরিণডাঙা | ০১ | আরমিয়া | সাধারণ |
| কৃষ্ণনগর -২ | নওপাড়া -১ | হরিণডাঙা | ০১ | ঝিটকিপোতা হিন্দুপাড়া , গোড়াপাড়া | তপসিলি জাতি |
| কৃষ্ণনগর -২ | নওপাড়া -১ | সিংহাটি | ০১ | সিংহাটি দক্ষিণপাড়া | সাধারণ |
| কৃষ্ণনগর -২ | নওপাড়া -২ | পাত্রদাহ | ০১ | চরমহতপুর | সাধারণ |
| কৃষ্ণনগর -২ | বেলপুকুর | সোনডাঙ্গা | ০১ | পাণ্ডবতলা , ইন্দ্রপল্লী | সাধারণ |
| কৃষ্ণনগর -২ | বেলপুকুর | সোনডাঙ্গা | ০১ | সোনডাঙ্গা মাঝেরপাড়া | সাধারণ |

১. কেবল মাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন।

২. আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের সংশ্লিষ্ট পরিষেবা এলাকা (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে । প্রমান স্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার EPIC ও রেশন কার্ডের প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে ।

৩. সাধারণ প্রার্থীর বয়স ০৮.০৯.২০২২ তারিখে ৩০ বছর থেকে ৪০বছরের মধ্যে হতে হবে । তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ঐ তারিখের ২২ বছর থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে ।

৪. প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ অথবা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায়এপিয়ার্ড (Appeared) হতে হবে । এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিচার করা হবে । উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষার জনয কোন মূল্যায়ণ বা বিবেচনার সুবিধে থাকবে না ।

৫. উপরিউক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের মধ্যে, গ্রেড-ওয়ান এবং গ্রেড-টু স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণ প্রাপ্ত ধাই এবং লিঙ্ক ওয়ার্কারগণ সংশ্লিষ্ট বিভাগীয় সংশাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনার সুবিধা থাকবে ।

৬. সাব সেন্টার সন্নিহিত পরিষেবা এলাকার (সারণী দ্রষ্টব্য) ২০১১ সালের জনগণনা তথ্য প্রক্ষেপণ করে তপশিলি জাতি / উপজাতি অধ্যুষিত রূপে ঘোষিত ক্ষেত্রে তপশিলি জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করলে সংরক্ষণের জন্যে বিবেচিত হবেন ।

৭. আবেদনের সঙ্গে নিম্নলিখিত প্রমাণ পত্রের প্রত্যেকটির স্বপ্রত্যায়িত প্রতিলিপি জমা দিতে হবে । প্রযোজ্য প্রমাণ পত্রগুলির যে কোন একটি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত না থাকলে আবেদন পত্রটি গ্রাহ্য হবে না ।

ক. জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার এডমিট কার্ড / সার্টিফিকেট ।

খ.     মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অবতীর্ণ হওয়ার মার্ক শিট ।

গ .     এলাকার বাসিন্দা হিসেবে ভোটার পরিচয় পত্র (EPIC) / রেশন কার্ড ।

ঘ .     উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতি গত প্রমাণ পত্র (কেবলমাত্র তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ) ।

ঙ.     প্রার্থীর স্বাক্ষর সহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো ।

চ.     উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড – ১ এবং গ্রেড – ২ স্বনির্ভর গোষ্ঠীর ভুক্ত সদস্যা / প্রশিক্ষণ প্রাপ্ত দাই / লিঙ্ক ওয়ার্কার সংক্রান্ত প্রমাণ পত্র (প্রযোজ্য হলে) ।

ছ.     উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিচ্ছিন্না মহিলা হওয়ার প্রমাণ পত্র ।

জ.     বিবাহিতা / বিধবা প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রের নথিপত্র ।

**নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যেই জমাকৃত প্রমাণ পত্রের আসল দেখাতে হবে ।**

৮.     উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের সাক্ষাতের তারিখ ,সময়, স্থান পত্রমারফত প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে জানানো হবে ।

৯.     অসম্পূর্ণ ও ক্রটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ – উপরোধ গ্রাহ্য নয় ।

১০.     আবেদনপত্র জমা দেওয়ার স্থান কৃষ্ণনগর -২ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ, কৃষ্ণনগর -২ সমষ্টি উন্নয়ন ধুবুলিয়া, নদীয়া (বি ডি ও অফিস )

১১.     আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৯-০৯-২০২২ বিকেল ৩ টা পর্যন্ত (শনিবার, রবিবার ও সরকারী ছুটিরদিন ব্যাতিত )

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কৃষ্ণনগর -২ উন্নয়ন সমষ্টি
ধুবুলিয়া, নদীয়া

পত্রাঙ্কঃ ২২৪০/১(১২ / KGR-II          তারিখঃ- ০৮/০৯/২০২২

১.     মাননীয় জেলাশাসক, নদীয়া
২.     মাননীয়, অতিরিক্ত জেলা শাসক ( সাধঃ), নদীয়া
৩.     মাননীয় মহকুমা শাসক, সদর, কৃষ্ণনগর, নদীয়া
৪.     মাননীয় ডি. পি. এচ. এন., নদীয়া
৫.     মাননীয় ডি. পি. ও., নদীয়া
৬.     মাননীয় সভাপতি, কৃষ্ণনগর -২ পঞ্চায়েত সমিতি, ধুবুলিয়া নদীয়া
৭.     মাননীয় কর্মাধ্যক্ষ, জন স্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি, কৃষ্ণনগর -২ পঞ্চায়েত সমিতি, ধুবুলিয়া নদীয়া ।
৮.     মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, ধুবুলিয়া গ্রামীণ হাসপাতাল, নদীয়া
৯.     মাননীয় শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কৃষ্ণনগর -২ , নদীয়া
১০.     মাননীয় প্রধান, ........................................................................ গ্রাম পঞ্চায়েত ।
১১.     মাননীয় জেলা তথ্য আধিকারিক, নদীয়া, এ বিজ্ঞপ্তিটিকে জেলা ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধ করা হচ্ছে ।
১২.     সম্পাদক, ..................................................................................................

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কৃষ্ণনগর -২ উন্নয়ন সমষ্টি
ধুবুলিয়া, নদীয়া